

= ২২ =

ঢাকা ওয়াসা

বিষয়ঃ ঢাকা ওয়াসার ২০২৪-২০২৫ অর্থবছরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থবছরের প্রাক্কলিত রাজস্ব বাজেটের উপর বাজেট কমিটির আলোচনা সভায় উপস্থিত সদস্যগণের সম্মানী ও আপ্যায়ন প্রসংগে।

৩৯। ঢাকা ওয়াসার ৮৪টি ব্যয় কেন্দ্র হতে ২০২৪-২৫ অর্থবছরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থবছরের প্রাক্কলিত বাজেট প্রস্তাবনা পাওয়া গেছে। উক্ত বাজেট প্রস্তাবনার উপর উইং প্রধানের নেতৃত্বে বাজেটের আয় ব্যয় বিশ্লেষণ পূর্বক একটি খসড়া বাজেট প্রস্তুত করা হয়েছে। উক্ত খসড়া বাজেট বাজেট কমিটি কর্তৃক অনুমোদন হলে বোর্ড ও মন্ত্রণালয় এ প্রেরণ করা হবে। বাজেট কমিটির আহবায়ক ব্যবস্থাপনা পরিচালক এর নেতৃত্বে বাজেট সভা আহবায়ন করা হবে।

৪০। খসড়া বাজেটের উপর আলোচনার জন্য বাজেট কমিটির আহবায়ক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হবে। ঢাকা ওয়াসার আর্থিক প্রবিধানমালা/২০০৯ অনুযায়ী বাজেট কমিটির সদস্যগণ হলেন নিম্নরূপঃ

১। ব্যবস্থাপনা পরিচালক- আহবায়ক

২। উপ- ব্যবস্থাপনা পরিচালকগণ-সদস্য

৩। প্রধান প্রকৌশলী- সদস্য

৪। সচিব-সদস্য

৫। বাণিজ্যিক ব্যবস্থাপক- সদস্য সচিব

৪১। ঢাকা ওয়াসার ২০২৪-২০২৫ অর্থবছরের সংশোধিত এবং ২০২৫-২৬ অর্থবছরের প্রাক্কলিত খসড়া বাজেটের উপর আলোচনার জন্য বাজেট কমিটির আহবায়ক ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সম্মানী বাবদ = ৩৫০০/- টাকা, ৪ জন উপ- ব্যবস্থাপনা পরিচালক, প্রধান প্রকৌশলী, সচিব এবং প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তাসহ মোট ৭ জন, সম্মানী বাবদ প্রতিজন = ৩০০০/- টাকা করে = $৩০০০ \times ৭ = ২১,০০০/-$ টাকা।

এছাড়াও বাজেট প্রস্তুত, উপস্থাপন এবং সমন্বয়ক এর সাথে জড়িত ৩ জন সহায়ক কর্মকর্তার সম্মানী বাবদ প্রতিজন = ২৫০০/- টাকা করে = $২৫০০ \times ৩ = ৭৫০০/-$ টাকা ও ২ জন সহকারী হিসাবরক্ষক এর জন্য জন প্রতি = ১০০০/- টাকা করে $১০০০ \times ২ = ২০০০/-$ টাকা এবং ২ জন অফিস সহায়কের জন্য প্রতিজন = ৫০০/- টাকা করে $৫০০ \times ২ = ১০০০/-$ টাকা সহ সম্মানী বাবদ মোট $(৩৫০০ + ২১০০০ + ৭৫০০ + ২০০০ + ১০০০) = ৩৫,০০০/-$ টাকা এবং আপ্যায়ন বাবদ $১৫ \times ৫০০ = ৭৫০০/-$ টাকা। উক্ত বাজেট কমিটির আপ্যায়ন ও সম্মানী বাবদ সর্বমোট = ৪২,৫০০/- (বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা উপ-প্রধান অর্থ কর্মকর্তা (বাজেট) এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসাবে প্রদান করা যেতে পারে, উক্ত ব্যয় বাজেট বিভাগের সম্মানী ও আপ্যায়ন খাত হতে নির্বাহ করা হবে। যা পরবর্তীতে প্রকৃত ব্যয়ের ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

চলমান

৪২। এমতাবস্থায়, উপরের বর্ণনার আলোকে নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) বাজেট কমিটির সভা ১৪/০১/২০২৫ তারিখ রোজ মঙ্গল বার, সকাল ৯ঃ৩০ ঘটিকায় “ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের” সভা কক্ষ (তৃতীয় তলায়) একটি সভা আহবান করার অনুমোদন।

খ) বাজেট কমিটির মিটিং এর সম্মানী ও আপ্যায়ন বাবদ সর্বমোট = ৪২,৫০০/- (বিয়াল্লিশ হাজার পাঁচশত) টাকা মাত্র উপ-প্রধান অর্থ কর্মকর্তা (বাজেট) এর অনুকূলে অস্থায়ী অগ্রিম হিসাবে ব্যয়ের প্রশাসনিক ও আর্থিক অনুমোদন যা পরবর্তীতে প্রকৃত ব্যয়ের ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

৪৩। সদয় পেশ করা হলো।

১০৬-সিসি
তারিখ: ০৩/০১/২০২৫

মোঃ হাসানুজ্জামান
হিসাবরক্ষক
হিসাব বিভাগ
ঢাকা ওয়াসা।

২ন
০৬/০১/২৫
এ. কে. এম. নাজমুল হুদা
হিসাব রক্ষণ কর্মকর্তা
হিসাব বিভাগ
ঢাকা ওয়াসা।

০৬/০১/২৫
মুহিউদ্দীন ইসলাম
ডেপুটি চীফ ফিন্যান্স অফিসার (চেসাঃ)
ঢাকা ওয়াসা।

০৬/০১/২৫
Md. Sona Miah
Chief Accounts Officer
Dhaka WASA.

০৪.০১.২৫

০৪/০১/২৫

০৪/০১/২৫
MD SIR

মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

০৪.০১.২৫
মোঃ আক্তারুজ্জামান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (অর্থ)
ঢাকা ওয়াসা।

০৪/০১/২৫
Md. Sona Miah
Chief Accounts Officer
Dhaka WASA.

